

## আল-ওয়াকিয়া | Al-Waqi'a | الْوَاقِعَةُ

আয়াতঃ ৫৬ : ৫৯

আরবি মূল আয়াত:

ءَأَنْتُمْ تَخْلُقُونَهُ أَمْ نَحْنُ الْخَالِقُونَ ﴿٥٩﴾

অনুবাদসমূহ:

তা কি তোমরা সৃষ্টি কর, না আমিই তার স্রষ্টা? — আল-বায়ান

তা কি তোমরা সৃষ্টি কর, না তার সৃষ্টিকর্তা আমিই। — তাইসিরুল

ওটা কি তোমরা সৃষ্টি কর, না আমি সৃষ্টি করি? — মুজিবুর রহমান

Is it you who creates it, or are We the Creator? — Sahih International

৫৯. সেটা কি তোমরা সৃষ্টি কর, না আমরা সৃষ্টি করি?(১)

(১) ছোট্ট এ বাক্যে মানুষের সামনে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি প্রশ্ন রাখা হয়েছে। মানুষের জন্ম পদ্ধতি তো এছাড়া আর কিছুই নয় যে, পুরুষ তার শুক্র নারীর গর্ভাশয়ে পৌঁছে দেয় মাত্র। কিন্তু ঐ শুক্রের মধ্যে কি সন্তান সৃষ্টি করার এবং নিশ্চিত রূপে মানুষের সন্তান সৃষ্টি করার যোগ্যতা আপনা থেকেই সৃষ্টি হয়েছে? অথবা মানুষ নিজে সৃষ্টি করেছে? না আল্লাহ সৃষ্টি করেছে? এ যুক্তির সঙ্গত জওয়াব একটিই। তা হচ্ছে, মানুষ পুরোপুরি আল্লাহর সৃষ্টি। [তাবারী, আদওয়াউল-বায়ান]

তাফসীরে জাকারিয়া

(৫৯) ওটা কি তোমরা সৃষ্টি কর, না আমি সৃষ্টি করি? [1]

[1] অর্থাৎ, স্ত্রীদের সাথে সহবাসের ফলে তোমাদের বীর্যের যে ফোঁটাগুলো তাদের গর্ভে যায়, সেগুলো থেকে মানব আকৃতি আমি বানাই, না তোমরা?

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5038>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন